


“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার”



...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন  
(পেট্রোবাংলা)  
আইটি ডিপার্টমেন্ট

...

সভাপতি	মোঃ শাহীনের ইসলাম পরিচালক (পিএসসি)
সভার তারিখ	২৯-০৮-২০২১
সভার সময়	বিকাল ৪টা
স্থান	অনলাইন
উপস্থিতি	রেকর্ডেড

**বিষয়: পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্রমিক নং-১.৪ এ বর্ণিত কার্যক্রম মোতাবেক সভার কার্যবিবরণী।**

পেট্রোবাংলার পরিচালক (পিএসসি) ও ইনোভেশন অফিসার মহোদয় সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় বিগত ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়ন পরবর্তী কার্যক্রম বিষয়ে সভায় আলোচনা করেন এবং উক্ত অর্থবছরের অভিজ্ঞতা এবং সংস্থা পর্যায়ে উদ্ভাবন বিষয়ে সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণে গুরুত্বারোপ করেন। সভায় ২০২০-২১ অর্থবছরে পেট্রোবাংলা কর্তৃক বাস্তবায়িত ২(দুই)টি সেবা ১) কর্মকর্তা/কর্মচারির বেতনের পে-স্লিপ ইমেইলে প্রেরণ এবং ২) বনানী হাউজিং কমপ্লেক্স-এ ফ্ল্যাটের রক্ষণাবেক্ষণ কাজের আবেদন অনলাইনে দাখিল-এর বিষয়ে পর্যালোচনা করা হয়। বর্ণিত দুইটি সেবার কার্যক্রম পর্যালোচনান্তে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এছাড়া, পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত বর্ণিত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ে সম্পাদনের জন্য দিকনির্দেশনা প্রদান করেন।

সভায় বিগত ২০২০-২১ অর্থবছরে পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানিসমূহের সহজীকৃত এবং ডিজিটলাইজকৃত উদ্ভাবন কার্যক্রমগুলোর বর্তমান অবস্থা নিয়ে আলোচনা ও পর্যালোচনাপূর্বক সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	কার্যব্যবস্থায়
-------	--------------	--------	-----------	-----------------

০১।	পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানিসমূহে বাস্তবায়িত সহজীকৃত এবং ডিজিটলাইজকৃত উদ্ভাবন কার্যক্রম/সেবাসমূহ পর্যালোচনা	২০২০-২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহে যে সকল সেবা সহজীকরণ এবং ডিজিটলাইজ করা হয়েছে সেগুলো নিয়ে সভায় বিশদ আলোচনা করা হয়। উল্লিখিত সহজীকৃত এবং ডিজিটলাইজকৃত সেবা সম্পর্কে কোম্পানিসমূহের মতামত গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া, সরেজমিনে আলোচ্য সেবাগুলো পরিদর্শন করার জন্য সভায় প্রস্তাব করা হয়।	ক) পেট্রোবাংলার ইনোভেশন টিম পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহে বাস্তবায়িত সহজীকৃত এবং ডিজিটলাইজকৃত কার্যক্রম/সেবাসমূহ পর্যবেক্ষণ/পরিদর্শন করবে। খ) কোম্পানিসমূহ সহজীকৃত এবং ডিজিটলাইজকৃত কার্যক্রম/সেবাসমূহের বাস্তব TCVQ (Time, Cost, Visit, Quality) নির্ণয় করত: পেট্রোবাংলাকে অবহিত করবে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা ও সকল কোম্পানির ইনোভেশন টিম
-----	---	---	---	--

সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মোঃ শাহীনুর ইসলাম  
পরিচালক (পিএসসি)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৬৬.০৩.০০২.২০.৬৯

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮  
৩১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পেট্রোবাংলার আওতাধীন সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকমন্ডলী।
- ২) উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা), পেট্রোবাংলা, ঢাকা।
- ৩) ব্যবস্থাপক (নির্মাণ), পেট্রোবাংলা, ঢাকা।
- ৪) ব্যবস্থাপক (সেবা), পেট্রোবাংলা, ঢাকা।
- ৫) উপ-ব্যবস্থাপক (এফএমডি), পেট্রোবাংলা, ঢাকা।



শাহনেওয়াজ পারভেজ  
মহাব্যবস্থাপক (কন্ট্রোল)